রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থাপন মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ২৩৪-আইন/২০১৪।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "স মিলস্" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সুপারিশকৃত নিম্নের তফসিল "ক" ও "খ" তে বর্ণিত মজুরীর হারকে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরীর হার ঘোষণা করিল, যথা :—

**তফসিল "ক"**

| নং | শ্রমিকগণের শ্রেণী ও পদবিন্যাস | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট (টাকা) | দৈনিক মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| (১) | **<u>দক্ষ (গ্রেড-১) :</u>** মিস্ত্রি/অপারেটর | ৮,৪৫০/- | ২,৫৩৫/- | ৫০০/- | ৫০০/- | ১১,৯৮৫/- | ৪৬০/- |
| (২) | **<u>দক্ষ (গ্রেড-২) :</u>** সহকারী মিস্ত্রি/সহকারী অপারেটর | ৬,৫০০/- | ১,৯৫০/- | ৫০০/- | ৫০০/- | ৯,৪৫০/- | ৩৬০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| (৩) | **আধা দক্ষ (গ্রেড-৩) :**<br>পুলার (টানোয়া) | ৫,৪০০/- | ১,৬২০/- | ৫০০/- | ৫০০/- | ৮,০২০/- | ৩০০/- |
| (৪) | **অদক্ষ (গ্রেড-৪) :**<br>হেলপার ও অন্যান্য শ্রমিক | ৪,৫০০/- | ১,৩৫০/- | ৫০০/- | ৫০০/- | ৬,৮৫০/- | ২৬০/- |
| (৫) | **শিক্ষানবিস শ্রমিক** | মাসিক সর্বসাকুল্যে ৪,৫০০/- | | | | | |

## তফসিল "খ"

| নং | কর্মচারীগণের শ্রেণী ও পদবিন্যাস | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (১) | **গ্রেড-১**<br>১। হিসাব রক্ষক<br>২। স্টোর কিপার<br>৩। টাইম কিপার<br>৪। টাইপিস্ট<br>৫। ক্লার্ক | ৬,৫০০/- | ১,৯৫০/- | ৫০০/- | ৫০০/- | ৯,৪৫০/- |
| (২) | **গ্রেড-২**<br>১। সহকারী হিসাব রক্ষক<br>২। স্টোর এসিসট্যান্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। সেলস্‌ম্যান<br>৫। ড্রাইভার<br>৬। ক্যাশিয়ার | ৫,৪০০/- | ১,৬২০/- | ৫০০/- | ৫০০/- | ৮,০২০/- |
| (৩) | **গ্রেড-৩:**<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। মালি<br>৪। নাইট গার্ড<br>৫। সুইপার | ৪,৫০০/- | ১,৩৫০/- | ৫০০/- | ৫০০/- | ৬,৮৫০/- |
| (৪) | **শিক্ষানবিস কর্মচারি** | মাসিক সর্বসাকুল্যে ৪,৫০০/- | | | | |

## শর্তাবলী

(১) বাংলাদেশে অবস্থিত "স মিলস্" শিল্প সেক্টরে, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, নিয়োজিত শ্রমিক ও কর্মচারিগণের পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা এবং পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে উপরি-উক্ত তফসিলের, অতঃপর তফসিল বলিয়া উল্লিখিত, তফসিল "ক" ও "খ" তে উল্লিখিতভাবে,—

(ক) শ্রমিকগণকে যথাক্রমে দক্ষ, আধা-দক্ষ ও অদক্ষ, এই ৩ (তিন) শ্রেণীতে; এবং

(খ) কর্মচারিগণকে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩, এই ৩(তিন) শ্রেণীতে—বিভক্ত করিয়া পদবিন্যাস করিতে হইবে।

(২) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণের ক্ষেত্রে, তফসিলে উল্লিখিত হারে, ক্ষেত্রমত, মাসিক বা দৈনিক ভিত্তিতে নিম্নতম মজুরী, বিভিন্ন ভাতা ও সুবিধাদি নির্ধারিত হইবে, যাহা বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "স মিলস্" এর জন্য প্রযোজ্য হইবে।

(৩) তফসিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারিগণের অতিরিক্ত কোন পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তফসিলে উল্লিখিতভাবে যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া উহার মজুরী নির্ধারণ করিতে হইবে।

(৪) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া, তফসিলে উল্লিখিত মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোন শ্রমিক বা কর্মচারিকে কোন কারণেই নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৫) এই প্রজ্ঞাপন জারীর পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারিগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরী নিবন্ধনভুক্তকরতঃ মজুরী স্লিপ প্রদান করিতে হইবে।

(৬) তফসিলে উল্লিখিত মজুরী উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণের নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং কোন কারণেই কোন শ্রমিক বা কর্মচারিকে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা নিম্নতর মজুরী প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কোন শ্রমিক বা কর্মচারি ইতোমধ্যে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে তাহার উক্ত মজুরী হ্রাস করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে, স্ব-উদ্যোগে এককভাবে অথবা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক বা কর্মচারিগণকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৭) কোন শ্রমিক বা কর্মচারি কোন ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বা কর্মচারি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, অতঃপর শ্রম আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিক বা কর্মচারির ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে।

(৮) শর্ত ৭ এ উল্লিখিত ঠিকাদার কোন শ্রমিক বা কর্মচারিকে, যে কোন কারণেই হউক না কেন, তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা নিম্নতর মজুরী প্রদান করিতে পারিবেন না এবং তাহাকে শ্রম আইনের ধারা ১২১, ১৫০ ও ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৯) উক্ত শিল্প সেক্টরের কোন মালিক যদি কোন শ্রমিক বা কর্মচারিকে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরীর হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণীভুক্ত শ্রমিক বা কর্মচারির জন্য তফসিলে যে নিম্নতম মজুরী নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতর মজুরী প্রাপ্ত না হন।

(১০) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণ কর্মরত প্রতিষ্ঠানে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতাদি প্রাপ্ত হইতেছেন, তাহা শ্রম আইনের ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

(১১) শ্রমিকগণের শিক্ষানবিসীকাল হইবে ৩ (তিন) মাস এবং শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে শিক্ষানবিস শ্রমিকগণ সংশ্লিষ্ট শ্রেণীতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেনঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন কারণে শিক্ষানবিসীকালে একজন দক্ষ শ্রমিকের কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়, তবে কেবল উক্ত শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবেঃ

(১২) কর্মচারীগণের শিক্ষানবিসীকাল হইবে ৬(ছয়) মাস এবং শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে শিক্ষানবিস কর্মচারিগণ সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারি হিসাবে নিযুক্ত হইবেন।

(১৩) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণ শ্রম আইনের বিধান মোতাবেক অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(১৪) এই সুপারিশের কোন অংশ প্রচলিত কোন আইনের সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd